

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-৩শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৪১.০০.০০০০.০৩৫.০০২.২২.১৪-

তারিখঃ নভেম্বর, ২০১৫।

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারী কর্মকমিশনের পত্র নং-৮০.১০৫.০১১.০০.০০.০৫.২০১০/২৭২ তারিখ: ৩০.১০.২০১৪ এর মাধ্যমে প্রেরিত সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত প্রার্থীগণকে জা:বে:স্কেল/২০০৯ অনুযায়ী ১১০০০-৪৯০×৭-১৪৪৩০-ইবি-৫৪০×১১-২০৩৭০/-টাকা বেতন স্কেল এবং তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদিসহ সমাজসেবা অধিদফতরের আওতায় স্থায়ী শূন্য পদের বিপরীতে অস্থায়ীভাবে ও নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রবেশন অফিসার পদে (প্রথম শ্রেণী-নন-ক্যাডার (মুক্তিযোদ্ধা কোটা) পদে নিয়োগ করা হলো এবং তার নামের বিপরীতে উল্লিখিত কর্মস্থলে পদায়ন করা হলো:-

ক্রমিক	নাম, পিতা ও মাতার নাম এবং জন্ম তারিখ:	স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা	পদায়নকৃত কর্মস্থল
১	জনাব মো: আখলাকুর রহমান পিতা: মো: আব্দুল হাকিম মাতা: লুতফুন্নেছা খাতুন জন্ম তারিখ: ০১.০৯.১৯৮৩।	গ্রাম: দেয়া, ডাকঘর: মথুরেশপুর থানা: কালিগঞ্জ, জেলা: সাতক্ষীরা বর্তমান ঠিকানা: ঐ	প্রবেশন অফিসার জেলা সমাজসেবা কার্যালয় মাগুরা।

নিয়োগের শর্তাবলী:

- (ক) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তার চাকুরীর প্রথম দু'বছর শিক্ষানবীশ(Probation) কাল হিসেবে গণ্য হবে। সাফল্যজনকভাবে শিক্ষানবীশকাল সমাপ্ত হওয়ার পর তাঁর কার্যক্রম মূল্যায়ন, বুনিন্দী ও অন্যান্য প্রশিক্ষণ কোর্স সাফল্যজনকভাবে সমাপন এবং প্রশিক্ষণে প্রাপ্ত ফলাফল ইত্যাদির ভিত্তিতে চাকুরীতে স্থায়ী করার বিষয় সরকার কর্তৃক প্রচলিত বিধি বিধানের আলোকে বিবেচনা করা হবে।
- (খ) শিক্ষানবীশকালে যদি তিনি চাকুরীতে অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন প্রকার কারণ ব্যতিরেকে সরকার সরাসরি ও তাৎক্ষণিকভাবে তাকে চাকুরী হতে অপসারণ করতে পারবে।
- (গ) চাকুরীতে যোগদানের জন্য তিনি কোন প্রকার ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।
- (ঘ) এ নিয়োগ তার পদায়নকৃত পদে যোগদানের তারিখ হতে কার্যকর হবে।
- (ঙ) তার জ্যেষ্ঠতা সরকারী কর্মকমিশন কর্তৃক নিয়োগের জন্য সুপারিশকৃত মেধাক্রম ও সরকারী বিধি মোতাবেক নির্ধারিত হবে।
- (চ) 'মুক্তিযোদ্ধা পোষ্য' কোটায় নিয়োগ প্রাপ্ত কর্মকর্তাগণকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সাময়িক প্রত্যয়নের ভিত্তিতে এ নিয়োগ প্রদান করা হলো। 'মুক্তিযোদ্ধা' সংক্রান্ত সনদ চূড়ান্ত যাচাইয়ে মিথ্যা, জাল বা অসত্য বলে প্রমানিত হলে তাদের নিয়োগ কোন কারণ ব্যতিরেকেই বাতিল করা হবে এবং সরকারের বিধি ও প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (ছ) যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার অঙ্গীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে।
- (জ) The Government Servants (conduct) Rules 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরীতে যোগদানের সময় মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর বরাবর জমা দিতে হবে;
- (ঝ) নবনিয়োগকৃত কর্মকর্তা যোগদানের ১(এক) মাসের মধ্যে ৭-১০ দিনের একটি ওরিয়েন্টেশন কোর্স মন্ত্রণালয়ের সাথে আলোচনাপূর্বক মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর আয়োজন করবেন। সকলকে উক্ত কোর্সে বাধ্যতামূলকভাবে অংশগ্রহণ করতে হবে;
- (ঞ) নিয়োগপ্রাপ্ত প্রার্থী তার নামের বিপরীতে পদায়নকৃত পদে সংশ্লিষ্ট জেলার উপপরিচালকের নিকট আগামী ৩০.১১.২০১৫ তারিখ মধ্যে যোগদান করবেন। নির্ধারিত তারিখে চাকুরীতে যোগদান না করলে তিনি চাকুরীতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- (ট) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত বিষয়াদি সমাজসেবা অধিদফতর (গেজেটেড কর্মকর্তা এবং নন গেজেটেড কর্মচারী) নিয়োগবিধিমালা, ২০১৩ অনুযায়ী এবং সরকারের প্রচলিত বিধি বিধান ও আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে নিয়ন্ত্রিত হবে;
- (ঠ) সরকারের স্থায়ী পদের বিপরীতে অস্থায়ীভাবে এ নিয়োগ দেয়া হলো।
- ০২। এ আদেশ জনস্বার্থে জারী করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


স্বাক্ষরিত/ ১৭.১১.২০১৫
(তারিক-উল-ইসলাম)
সচিব।

নং-৪১.০০.০০০০.০৩৫.০০২.২২.১৪- ৫৫২

তারিখঃ ২৭ নভেম্বর, ২০১৫।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সচিব, বাংলাদেশ সরকারী কর্মকমিশন সচিবালয়, শেরেবাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
- ০৩। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা (পদায়নকৃত কর্মস্থলে বর্তমানে কোন কর্মকর্তা কর্মরত থাকলে/ অতিরিক্ত দায়িত্বে থাকলে তাকে দায়িত্ব থেকে অব্যাহতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো)।
- ০৪। পরিচালক(প্রশাসন ও অর্থ)/প্রতিষ্ঠান/কার্যক্রম, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৫। জেলা প্রশাসক, মাগুরা।
- ০৬। উপপরিচালক, সরকারী ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ০৯। সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
- ১১। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মাগুরা।
- ১২। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, মাগুরা।
- ১৩। জনাব মো: আকলাকুর রহমান, পিতা: জনাব মো: আব্দুল হাকিম, মাতা: লুতফুন্নেছা খাতুন, গ্রাম: দেয়া, ডাকঘর: মথুরেশপুর, থানা: কালিগঞ্জ, জেলা: সাতক্ষীরা।


২৭/১১/২০১৫
(মো: মুখলেছুর রহমান খান)
সহকারী সচিব(প্র:-৩)
ফোনঃ ৯৫৭৭১১৯।